



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
আইসিটি শাখা



শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ রাহেদ হোসেন পরিচালক (প্রশা: ও অর্থ)
সভার তারিখ	০৩ ডিসেম্বর ২০২০খ্রি.
সভার সময়	বিকাল ৩.০০ ঘটিকা
স্থান	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সকলকে শূভেচ্ছা জানিয়ে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের “ইনোভেশন টিম”-এর সভার কার্যক্রম শুরু হয়। সভায় উদ্ভাবিত আইডিয়াসমূহ বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে পর্যালোচনা এবং গত সভার সিদ্ধান্তসমূহের ওপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত-০১: “নাগরিক সেবায় উদ্ভাবন” শীর্ষক কর্মশালায় উদ্ভাবিত ০৫টি আইডিয়ার মধ্যে ০২টি আইডিয়া বাস্তবায়নের জন্য তৈরিকৃত সফটওয়্যারে ডাটা এন্ট্রির জন্য মাঠ পর্যায়ের অফিসসমূহে পত্র প্রদানের সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত-০২: “উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ওয়েবসাইটে আপলোডকরণ” এবং “জি.পি.এফ মঞ্জুর” ০২টি সেবা সহজীকরণ করে বাস্তবায়নের জন্য চূড়ান্ত আদেশ জারি করার সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত-০৩: উদ্ভাবনী কার্যক্রম আরো গতিশীল করার জন্য ডিসেম্বর ২০২০ এর মধ্যে ০৩টি এবং মোট ০৬টি সভা অনুষ্ঠান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-০৪: বার্ষিক কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী কর্মশালা ও প্রশিক্ষণের আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রাহেদ হোসেন
পরিচালক (প্রশা: ও অর্থ)

স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০১৯.৩২.০০২.২০.৭০

তারিখ: ২ পৌষ ১৪২৭
১৭ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) ইনোভেশন টিমের সদস্য (সকল)

আসাদুজ্জামান
উপপরিচালক